সূত্র ঃ ৩০.৩৪.২৬০০.০৭৩.২৯.০০০.১৮/৪১৭ তারিখ ঃ ১০/০৫/২০১৮খৃঃ

নিয়োগ বিজ্ঞপ্তি

বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেড-এর নিম্নলিখিত পদে নিয়োগের জন্য যোগ্য বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে ঃ

Sl.	Name of Post	Educational Qualification	Competency	Wages
01	Ground Service Assistant (Casual basis)	a) Minimum Graduate in any discipline. b) Minimum GPA 3.0 out of GPA 5, or Minimum CGPA 3.0 out CGPA 4 in SSC & HSC or equivalent; or Minimum Average "C" (Best 5 subjects) in O' Level & Average "C" (Best 2 subjects) in A' Level and CGPA 2.8 (which is equivalent to 56% marks) in Graduation level.	a) Should have thorough knowledge in MS Office. c) Well conversant on spoken English.	Tk. 595.00 Plus Meal Allowance of Tk. 100.00 per day

শর্তাবলি ও অনলাইনে আবেদনপত্র পূরণ করার নিয়মাবলী ঃ

০১। ০৪-০৬-২০১৮ খৃঃ তারিখে সকল প্রার্থীগণের বয়স অনুর্দ্ধ ৩০ বছর। মুক্তিযোদ্ধার সন্তানদের জন্য বয়স ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বিমানে কর্মরত স্থায়ী/চুক্তিভিত্তিক কর্মচারীদের বয়সসীমা ৩৩ বছর। এসএসসি পাশের সনদপত্রের ভিত্তিতে প্রার্থীগণের বয়স নির্ধারিত হবে। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

০২। সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন।

০৩। বিদেশী শিক্ষা প্রতিষ্ঠান হতে অর্জিত শিক্ষা/ডিগ্রীর ক্ষেত্রে এদেশীয় সংশ্লিষ্ট শিক্ষা বোর্ড/বিশ্ববিদ্যালয়/বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক ইস্যুকৃত সমমান সার্টিফিকেট (Equivalence Certificate) অনুযায়ী ডিগ্রী ও ফলাফলের তথ্য প্রদান করতে হবে।

০৪। উপরোক্ত পদে নির্বাচিত প্রার্থীগণ প্রাথমিকভাবে ৮৯ দিন ভিত্তিক নিয়োগ প্রাপ্ত হবেন।

০৫। নিয়োগ নীতিমালা অনুযায়ী আবেদনকারীগণ অনলাইন পদ্ধতিতে টেলিটকের মাধ্যমে আবেদন করবেন। বাছাইকৃত প্রার্থীকে লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। কেবলমাত্র লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণই মৌখিক সাক্ষাৎকারের জন্য যোগ্য বিবেচিত হবেন।

০৬। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণকে মৌখিক সাক্ষাৎকারের পূর্বে অনলাইনে আবেদনপত্রের প্রিন্ট কপির সাথে সকল সনদপত্রের/প্রমাণপত্রের সত্যায়িত কপি দাখিল করতে হবে এবং মৌখিক সাক্ষাৎকারের সময় সকল সনদপত্রের মূলকপি প্রদর্শন করতে হবে।

০৭। লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার টি.এ/ডি.এ প্রদান করা হবে না।

০৮। নিয়োগ বিজ্ঞপ্তি সম্পর্কিত যে কোনো সংশোধন, সংযোজন (যদি থাকে) বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেড এর ওয়েব সাইটে www.biman-airlines.com; www.biman.org.bd প্রকাশ করা হবে।

০৯। বিমান কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস-বৃদ্ধি এবং কোনো প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগ কার্যক্রম সংশোধন, পরিবর্তন, স্থগিত কিংবা বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

১০। **আবেদনপত্র পূরণ করার নিয়মাবলী**

ক) বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেডের ওয়েব সাইট www.biman-airlines.com এর Careers Page-এ অথবা www.biman.org.bd এর নির্দিষ্ট লিঙ্কে বা সরাসরি http://bbal.teletalk.com.bd ওয়েব সাইটে প্রবেশ ক'রে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

i. অনলাইনে আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদানের **শুরুর তারিখ ও সময়: ১৬-০৫-২০১৮ খৃঃ সকাল ১০:০০টা।**

ii. অনলাইনে আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদানের **শেষ তারিখ ও সময়: ০৪-০৬-২০১৮ খৃঃ বিকাল ০৫:০০টা।**

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৪৮ ঘন্টার মধ্যে SMS এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ) অনলাইন আবেদনপত্রে প্রার্থী তার স্বাক্ষর (সর্বোচ্চ ৩০০ x ৮০ পিক্সেল ৬০ কেবি'র বেশী নয়) এবং রঙ্গিন ছবি (সর্বোচ্চ ৩০০ x ৩০০ পিক্সেল ১০০ কেবি'র বেশী নয়) স্ক্যান ক'রে নির্ধারিত স্থানে Upload করবেন।

গ) অনলাইন আবেদনপত্রে পূরণকৃত তথ্য পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, তাই অনলাইনে আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ) নির্ভুলভাবে আবেদনপত্র Submit সম্পন্ন করা প্রার্থী User ID, ছবি ও স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী download পূর্বক রঙ্গিন প্রিন্ট ক'রে সংরক্ষণ করবেন। User ID নম্বর ব্যবহার ক'রে প্রার্থীকে নিম্নোক্ত পদ্ধতিতে যে কোনো Teletalk pre-paid mobile এর মাধ্যমে ০২টি SMS ক'রে আবেদন ফি জমা দিতে পারবেন। বর্ণিত পদের জন্য আবেদন ফি অফেরতযোগ্য ২৫০.০০ (দুইশত পঞ্চাশ) টাকা। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, **"অনলাইনে আবেদনপত্রের সকল অংশ পূরণ ক'রে Submit করা হলেও পরীক্ষার ফি ২৫০/- টাকা জমা না দেয়া পর্যন্ত অনলাইন আবেদনপত্র কোনো অবস্থাতেই গৃহীত হবে না"।**

বিমান বাংলাদেশ এয়ারলাইনস লি: Biman BANGLADESH AIRLINES LTD.
HEAD OFFICE, BALAKA, KURMITOLA, DHAKA-1229, BANGLADESH, PHONES: 8901600-14, 8901680-94, FAX: 88-02-8901558, www.biman-airlines.com

1st SMS : BBAL<Space>USER_ID and send to 16222
2nd SMS: BBAL<Space>YES<Space>PIN and send to 16222

ঙ) **প্রবেশপত্র** প্রাপ্তির বিষয়টি http://bbal.teletalk.com.bd ওয়েব সাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

চ) SMS এর প্রেরিত User ID এবং Password ব্যবহার ক'রে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী download পূর্বক রঙ্গিন print ক'রে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হ'লে মৌখিক সাক্ষাৎকারের সময় অবশ্যই প্রদর্শন করবেন।

ছ) শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

i. User ID জানা থাকলে BBAL<Space>Help<Space>User<Space>User_ID & send to 16222
ii. PIN Number জানা থাকলে BBAL<Space>Help<Space>PIN<Space>PIN No & send to 16222

১১। **লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণকে মৌখিক সাক্ষাৎকারের পূর্বে নিম্নোক্ত সনদপত্রের/প্রমাণপত্রের সত্যায়িত কপি দাখিল করতে হবে ঃ**

(১) অনলাইনে পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি, (২) প্রবেশপত্রের ফটোকপি, (৩) সদ্য তোলা ৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি, (৪) শিক্ষাগত সকল সনদ ও ট্রান্সক্রিপ্টের সত্যায়িত ফটোকপি, (৫) বিদেশী শিক্ষা প্রতিষ্ঠান হতে অর্জিত ডিগ্রীর ক্ষেত্রে এদেশীয় সংশ্লিষ্ট শিক্ষা বোর্ড/বিশ্ববিদ্যালয়/বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক ইস্যুকৃত গ্রেড পয়েন্ট উল্লেখসহ সমমান সার্টিফিকেট (Equivalence Certificate), (৬) জাতীয় পরিচয় পত্রের রঙ্গিন ফটোকপি, (৭) নিজ জেলার সমর্থনে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কপোরেশন এর চেয়ারম্যান/মেয়র/ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত সনদ (৮) মুক্তিযোদ্ধা কোটার ক্ষেত্রে মুক্তিযোদ্ধার সাথে প্রার্থীর সম্পর্ক উল্লেখপূর্বক সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত সার্টিফিকেট, মুক্তিযোদ্ধা সার্টিফিকেট ও গেজেটের ফটোকপি, (৯) উপজাতীয় প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা প্রশাসক কর্তৃক উপজাতীয় সনদ।

দৃষ্টি আকর্ষণ ঃ চাকুরী প্রাপ্তির জন্য যে কোন প্রকার আর্থিক লেন-দেন প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে এবং জড়িতদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থাপ নেয়া হবে। কেউ অর্থের বিনিময়ে চাকুরী দেয়ার প্রলোভন দেখালে বিমানের প্রশাসন পরিদপ্তরের মহাব্যবস্থাপক (প্রশাসন) ও উপ-মহাব্যবস্থাপক (মানব সম্পদ)-এর সঙ্গে পিএবিএক্স ৮৯০১৬০০ নাম্বারের মাধ্যমে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

ফখরুল হোসেন চৌধুরী
ব্যবস্হাপক নিয়োগ
মানব সম্পদ উপ-বিভাগ
বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেড
প্রধান কার্যালয় 'বলাকা'
কুর্মিটোলা, ঢাকা-১২২৯
ফোনঃ ৮৯০১৬০০ এক্স ২১৫৪, ২১৫৭